

AKASHVANI(AIR)
RNU: KOLKATA
Bengali Text Bulletin

Date 08-02-2026

Time: 7.50 PM

বিশেষ বিশেষ খবরঃ-

- ১) প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী সরকার গত ১১ বছরে পশ্চিমবঙ্গে রেল পরিকাঠামোর উন্নয়নে বাজেটে বরাদ্দ বৃদ্ধি করেছে বলে কেন্দ্রীয় রেল মন্ত্রী অশ্বিনী বৈষ্ণব জানিয়েছেন।
ভিডিও কনফারেন্সিং-এর মাধ্যমে তিনি আজ বীরভূমের সিউড়ি ও আসানসোলের কুমারপুর রোড ওভার ব্রিজের উদ্বোধন এবং আসানসোল বোকারোর মধ্যে মেমু ট্রেনের যাত্রার সূচনা করেন।
- ২) কেন্দ্রীয় বস্ত্র মন্ত্রী গিরিরাজ সিং বলেছেন, বাংলার উন্নয়নে কেন্দ্র নানা বৈপ্লবিক পদক্ষেপ নিয়েছে। নদীয়ায় তাঁতশিল্পীদের সম্মেলনে যোগ দিয়ে আজ রাজ্য সরকারের বিরুদ্ধে একাধিক দুর্নীতির বিরুদ্ধে সরব হন তিনি।
- ৩) সুপ্রিম কোর্টে আগামীকাল পশ্চিমবঙ্গে SIR প্রক্রিয়া নিয়ে নির্বাচন কমিশন ও রাজ্যের মুখ্য নির্বাচনী আধিকারিকের বিরুদ্ধে মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জীর দায়ের করা মামলার ফের শুনানি।
- ৪) উত্তর ব্যারাকপুর পুরসভা এলাকায় অবৈধ নির্মাণের প্রতিবাদ করায় মারধরে এক ব্যক্তির মৃত্যু। অভিযোগের তীর তৃণমূল কংগ্রেস কাউন্সিলার রবীন্দ্রনাথ ভট্টাচার্য্যের দিকে।
- ৫) মাঘের শেষ সপ্তাহে দাপট কমে এলেও রাজ্যজুড়ে হালকা শীতের আমেজ অব্যাহত।

৬) কল্যাণীতে রঞ্জি ট্রফি ক্রিকেটের কোয়ার্টার ফাইনালে অন্ধ্রপ্রদেশের বিরুদ্ধে বাংলা প্রথম ইনিংসে ১২৩ রানে এগিয়ে রয়েছে।

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী সরকার গত ১১ বছরে পশ্চিমবঙ্গে রেল পরিকাঠামোর উন্নয়নে বাজেটে বরাদ্দ বৃদ্ধি করেছে বলে কেন্দ্রীয় রেল তথ্য ও সম্প্রচার এবং ইলেকট্রনিক্স ও তথ্যপ্রযুক্তি মন্ত্রী অশ্বিনী বৈষ্ণব জানিয়েছেন। ভিডিও কনফারেন্সিং-এর মাধ্যমে তিনি আজ বীরভূমের সিউড়ি রোড ওভার ব্রিজ এবং আসানসোলার কুমারপুর রোড ওভার ব্রিজের উদ্বোধন করেন। এছাড়াও আসানসোল বোকারোর মধ্যে মেমু ট্রেনের যাত্রার সূচনাও করেন তিনি। পরে শ্রী বৈষ্ণো বলেন, কেন্দ্রীয় বাজেটে পশ্চিমবঙ্গের জন্য প্রথম বুলেট ট্রেন চালুর কথা ঘোষণা করা হয়েছে। বারানসী থেকে শিলিগুড়ি পর্যন্ত এই বুলেট ট্রেন চলবে। একইসঙ্গে ডানকুনি থেকে গুজরাটের সুরাট পর্যন্ত নতুন ফেট করিডর এবং দুর্গাপুরে প্রস্তাবিত শিল্প করিডরকের কথাও উল্লেখ করেন তিনি। এই উপলক্ষে সিউড়ি, আসানসোল রেল স্টেশন এবং কুমারপুরের বিশেষ অনুষ্ঠানের আয়োজন করা হয়। সিউড়ির অনুষ্ঠানে উপস্থিত ছিলেন বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী।

লেভেল ক্রসিং-এর পরিবর্তে স্থানীয় বাসিন্দারা ৪২ কোটি টাকা ব্যয় নির্মিত সিউড়ি রোড ওভার ব্রিজ ব্যবহার করে যাতায়াত করতে পারবে। এরফলে সময় বাঁচবে।

অন্যদিকে, কুমারপুর রোড ওভার ব্রিজ তৈরি করতে খরচ হয়েছে ৫৪ কোটি ৮৩ লক্ষ টাকা। পশ্চিম বর্ধমান জেলার একটি বড় অংশ এবং ঝাড়খন্ডের মধ্যে সংযোগ রক্ষা করতে ব্রিজটি বিশেষ বুমিকা পালন করবে।

আসানসোল ও বোকারো স্টীল সিটির মধ্যে মেমু ট্রেনটি পশ্চিম বর্ধমান, পুরুলিয়া ও ঝাড়খন্ডের বোকারো জেলার ওপর দিয়ে চলাচল করবে। এর ফলে যাতায়াত ব্যবস্থার উন্নতি হবে। রবিবার বাদে সপ্তাহে ৬ দিন ট্রেনটি যাতায়াত করবে।

বাংলার উন্নয়নে কেন্দ্র নানা বৈপ্লবিক পদক্ষেপ নিয়েছে বলে কেন্দ্রীয় বস্ত্র মন্ত্রী গিরিরাজ সিং জানিয়েছেন। তিনি আজ নদীয়ার শান্তিপুরে তাঁতশিল্পীদের সম্মেলনে যোগ দিয়ে বলেন, আবাস যোজনা, প্রধানমন্ত্রী গ্রাম সড়ক যোজনা, রেল সহ একাধিক গুরুত্বপূর্ণ প্রকল্পের জন্য কেন্দ্র বরাদ্দ বৃদ্ধি করলেও রাজ্য সরকারের উদাসীনতার দরুণ একাধিক কর্মসূচী থমকে রয়েছে। এদিন, শিক্ষা সহ একাধিক দুর্নীতি নিয়ে রাজ্য সরকারের বিরুদ্ধে সমালোচনায় সরব হন তিনি।

বাইট গিরিরাজ

এই সম্মেলনে তিনি তাঁত শিল্পীদের জন্য কেন্দ্রীয় সরকারের চালু থাকা বিভিন্ন প্রকল্প ও সুযোগ সুবিধা সম্পর্কে সকলকে অবহিত করেন। মন্ত্রী জানান, বিজেপি সরকার ক্ষমতায় এলে তাঁতশিল্পীদের জন্য বছরে ১০ লক্ষ টাকা আয়ের ব্যবস্থা করা হবে। এই প্রকল্প কর্ম সংস্থান ও তাঁত শিল্পীদের আয় বৃদ্ধির পাশাপাশি শান্তিপুরের ঐতিহ্যবাহী তাঁতশিল্পকে জাতীয় ও আন্তর্জাতিক স্তরে আরও পরিচিত করে তুলতে সহায়ক হবে।

অনুষ্ঠানে উপস্থিত বিজেপি রাজ্য সভাপতি শমিক ভট্টাচার্য বলেন, রাজ্যে কর্ম সংস্থান নেই বলেই বিভিন্ন জেলা থেকে প্রচুর মানুষ ভিন রাজ্যে কাজের সন্ধানে যেতে বাধ্য হচ্ছেন।

কেন্দ্রীয় বস্ত্রমন্ত্রী আজ বিকেলে ব্যারাকপুরের কেন্দ্রীয় পাট ও সহযোগী তন্তু অনুসন্ধান সংস্থা - ট্রাইজ্যাফ পরিদর্শন করেন। তন্তু উৎপাদনের কাজকর্ম খতিয়ে দেখেন তিনি। বৈঠক করেন ট্রাইজ্যাফ, ইন্ডিয়ান জুট ইন্ডাস্ট্রিজ রিসার্চ এসোসিয়েশন ও নিনফেটের আধিকারিকদের সঙ্গে।

সুপ্রিম কোর্টে আগামীকাল পশ্চিমবঙ্গে SIR প্রক্রিয়া নিয়ে নির্বাচন কমিশন ও রাজ্যের মুখ্য নির্বাচনী আধিকারিকের বিরুদ্ধে মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জীর দায়ের করা মামলার ফের শুনানি। মুখ্যমন্ত্রী সেখানে উপস্থিত থাকতে পারেন বলে সূত্রের খবর। এর আগে গত ৪ তারিখ এসআইআর নিয়ে মুখ্যমন্ত্রীর আপত্তির বিষয়ে নির্বাচন কমিশনের বক্তব্য জানতে চায় সর্বোচ্চ আদালত। এব্যাপারে কমিশনকে নোটিশ জারি করে প্রধান বিচারপতি সূর্যকান্ত, বিচারপতি জয়মাল্য বাগচি ও বিচারপতি বিপুল এম পাঞ্চলির বেঞ্চ।

পাশাপাশি, কেন্দ্রীয় আধিকারিকদের মাইক্রো অবসার্তার হিসেবে নিয়োগ করা হচ্ছে বলে মুখ্যমন্ত্রীর অভিযোগের প্রেক্ষিতে সর্বোচ্চ আদালত, যারা লজিক্যাল ডিসক্রিপেন্সি বা তথ্যগত অসংগতির সমস্যা মেটাতে কাজ করবেন, এমন গ্রুপ-বি আধিকারিকদের নামের তালিকা রাজ্যের কাছে চেয়ে পাঠায়।

ত্রুটিমুক্ত ভোটার তালিকা প্রস্তুত করা নির্বাচন কমিশনের সাংবিধানিক দায়িত্ব বলে বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী মন্তব্য করেছেন। বীরভূমে আজ এক সাংবাদিক

বৈঠকে শ্রী অধিকারি বলেন, এসআইআর প্রক্রিয়া সময়মতো এবং সঠিকভাবে সম্পন্ন না হলে রাজ্যে সাংবিধানিক সংকট তৈরি হতে পারে। তার দায় রাজ্য সরকার ও নির্বাচন কমিশন উভয়ের ওপরেই বর্তাবে। কোনো বাংলাদেশী অনুপ্রবেশকারী অথবা রোহিঙ্গা, যাতে ভোটের তালিকায় অন্তর্ভুক্ত না হতে পারে, তা সুনিশ্চিত করতে বিজেপি বদ্ধপরিকর। যে কোনো অনিয়মের বিরুদ্ধে তারা আদালতের দ্বারস্থ হবে। তিনি আরও বলেন, কোনো ইআরও ডোমিসাইল সার্টিফিকেটের অপব্যবহার করলে অথবা নিয়ম ভেঙ্গে তা গ্রহণ করলে তাঁর বিরুদ্ধে ব্যবস্থা নেওয়া হবে।

বাইট

এর আগে বীরভূমের রামপুরহাট বিধানসভার গণপুরে আদাবিসী কার্যকর্তা সম্মেলনে যোগ দেন শ্রী অধিকারী।

উত্তর ২৪ পরগণার উত্তর ব্যারাকপুর পুরসভা এলাকায় অবৈধ নির্মাণের প্রতিবাদ করায় এক ব্যক্তিকে মারধরের অভিযোগ উঠেছে তৃণমূল কংগ্রেস কাউন্সিলার পেশায় আইনজীবী রবীন্দ্রনাথ ভট্টাচার্য্যের বিরুদ্ধে। আহত অবস্থায় তুলসী অধিকারী নামে ঐ ব্যক্তিকে হাসপাতালে নিয়ে যাওয়া হলে চিকিৎসকরা মৃত ঘোষণা করেন। এই ঘটনায় দল থেকে ঐ কাউন্সিলারকে সাসপেন্ড করা হয়েছে। পুলিশ তাকে আটক করে জিজ্ঞাসাবাদ করছে। জানা গেছে, নিজের বাড়ির পাশে অবৈধভাবে একটি আবাসন তৈরির বিরুদ্ধে আপত্তি জানিয়েছিলেন তুলসী অধিকারী। বাধাদানের খবর পেয়ে সেখানে পৌঁছে তুলসী বাবু এবং তার ছেলে হেমন্তকে রবীন্দ্রনাথ ভট্টাচার্য্য মারধর করেন বলে অভিযোগ।

মাঘের শেষ সপ্তাহে দাপট কমে এলেও রাজ্যজুড়ে হালকা শীতের আমেজ অব্যাহত। আজও দিনের সর্বনিম্ন তাপমাত্রা ছিল স্বাভাবিকের থেকে ২.৪ ডিগ্রি নিচে। আলিপুর আবহাওয়া দপ্তরের পূর্বাঞ্চলীয় প্রধান ডঃ হাবিবুর রহমান বিশ্বাস আকাশবাণীকে জানিয়েছেন, আগামী সাতদিন রাজ্যের সর্বত্র আবহাওয়া প্রধানত শুষ্ক থাকবে। উত্তরবঙ্গের দার্জিলিং, জলপাইগুড়ি ও কোচবিহারে হালকা থেকে মাঝারি কুয়াশার সম্ভাবনা।

বাইট ডঃ হাবিবুর রহমান বিশ্বাস

কল্যাণীতে রঞ্জি ট্রফি ক্রিকেটের কোয়ার্টার ফাইনালে অন্ধ্রপ্রদেশের বিরুদ্ধে বাংলা প্রথম ইনিংসে এগিয়ে গেছে। তৃতীয় দিনের শেষে বাংলা প্রথম ইনিংসে ১২৩ রানে এগিয়ে রয়েছে। ৫ উইকেটে ১৯৯ রান নিয়ে আজ তৃতীয় দিনের খেলা শুরু করে বাংলা দিনের শেষে প্রথম ইনিংসে ৬ উইকেটে ৪১৮ রান করেছে। সুদীপ ঘরামী প্রথম শ্রেণীর ক্রিকেটে প্রথম দ্বিশতরান করেছেন। ২১৬ রানে অপরাজিত আছেন তিনি। সুমন্ত গুপ্ত করেন ৮১ রান। অন্ধ্রের হয়ে কে ভি শশীকান্ত , সৌরভ কুমার দুটি করে উইকেট নিয়েছেন। উল্লেখ্য, অন্ধ্রপ্রদেশ প্রথম ইনিংসে ২৯৫ রান করেছিলো।